41

দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JUN 1998
পৃঃ ১১ কলাম ৪

# প্রাথমিক শিক্ষার উন্নয়নে নীতিমালা প্রণয়নের উপর গুরুত্ব আরোপ

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব এবি এম মহিউদ্দিন চৌধুরী বলেন, শিক্ষা ব্যবস্থার মূলভিত্তি হইতেছে প্রাথমিক শিক্ষা। ছাত্র-ছাত্রীদের এ পর্যায়ে যাহা শিক্ষা দেওয়া হয় তাহা তাহাদের ভবিষ্যৎ জীবনকে প্রভাবিত করে।

তিনি গত বৃহস্পতিবার সরাইপাড়া পশ্চিম নাসিরাবাদ আলহাজ্ব ইউনুস মিয়া কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের কৃতী ছাত্রদের এক সংবর্ধনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ওয়ার্ড কমিশনার শামসুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা আলহাজ্ব ইউনুস মিয়া ও বাদশা মিয়া। সিটি মেয়র প্রাথমিক শিক্ষা ব্যবস্থার উন্নয়নে একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়নের উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠান শেষে তিনি বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।